সমকাল

তারিখ ... 27 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৬ ... ......

# নেত্রকোনায় স্কুলছাত্রী ধর্ষণের দায়ে ধর্ষকের যাবজ্জীবন

■ নেত্রকোনা প্রতিনিধি

জেলার মদন উপজেলার তপা গ্রামের মো. মোবারক হোসেনকে এক স্কুলছাত্রীকে ধর্ষণের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড, ৩০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। নেত্রকোনা নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক একেএম আবুল কাশেম বৃহস্পতিবার বিকেলে আসামির অনুপস্থিতিতে এ রায় দেন।

আদালত সূত্রে জানা গেছে, মদন উপজেলার তপা গ্রামের বাসিন্দা মহসীন ইয়ার চৌধুরীর ছেলে মো. মোবারক হোসেন ২০০৬ সালের ১২ জুলাই একই উপজেলার পঞ্চম শ্রেণীতে পড়ুয়া এক ছাত্রীকে ধর্ষণ করে। ঘটনার ১২ দিন পর ২৪ জুলাই শিশুটির বাবা বাদী হয়ে মদন থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। তদন্ত শেষে পুলিশ ওই বছরের ৫ নভেম্বর আদালতে অভিযোগপত্র জমা দেয়। আদালত সাতজন সাক্ষীর সাক্ষ্য শেষে বৃহস্পতিবার মোবারককে এ দণ্ড দেন।